

ইয়াসীন | Ya-Sin | يس

আয়াতঃ ৩৬ : ৬১

আরবি মূল আয়াত:

وَأَنْ أَعْبُدُونِي ۚ هَذَا صِرَاطٌ مُسْتَقِيمٌ ﴿٦١﴾

অনুবাদসমূহ:

আর আমারই ইবাদাত কর। এটিই সরল পথ। — আল-বায়ান

আর আমারই ইবাদাত কর, এটিই সরল সঠিক পথ। — তাইসিরুল

আর আমার ইবাদাত কর, এটিই সরল পথ? — মুজিবুর রহমান

And that you worship [only] Me? This is a straight path. — Sahih International

৬১. আর আমারই ইবাদাত কর, এটিই সরল পথ।

-

তাফসীরে জাকারিয়া

(৬১) এবং আমারই দাসত্ব কর। [1] এটিই সরল পথ। [2]

[1] এখানে উদ্দেশ্য হল ঐ অঙ্গীকার যা আদম (আঃ)-এর পিঠ থেকে বের করার পর তাঁর সন্তানদের কাছ থেকে নেওয়া হয়েছিল। (সূরা আ'রাফ ১৭২ আয়াত দ্রঃ) অথবা ঐ অসিয়ত যা পয়গম্বরদের মুখে মানুষকে করা হয়েছে। অনেকের নিকট সেই সকল জ্ঞান ও বিবেকভিত্তিক প্রমাণপুঞ্জ যা আকাশ ও পৃথিবীতে মহান আল্লাহ ছড়িয়ে রেখেছেন। (ফাতহুল ক্বাদীর)

[2] অর্থাৎ, তোমাদেরকে শয়তানের ইবাদত এবং তার কুমন্ত্রণা গ্রহণ করা থেকে এই জন্য নিষেধ করা হয়েছে যে, সে তোমাদের প্রকাশ্য শত্রু এবং সে তোমাদেরকে সব রকমভাবে পথভ্রষ্ট করার শপথ করে রেখেছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3766>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন